# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-06-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যের ষষ্ঠ বেতন কমিশনের সদ্য প্রকাশিত সুপারিশে বলা হয়েছে, ডিএ রাজ্য সরকারের ইচ্ছাধীন।

এই সুপারিশের বিরুদ্ধে কর্মী সংগঠনগুলি তীব্র প্রতিবাদ জানিয়েছে।

২) SSC-তে অর্থের বিনিময়ে চাকরি পাওয়া ব্যক্তি এবং নিয়োগকারী দু-জনেই সমান অপরাধী বলে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন।

অন্যদিকে যোগ্যদের তালিকা প্রকাশ না করলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন চাকরীহারা শিক্ষা কর্মীরা।

৩) কলকাতায় আগুন নেভানোর কাজে সরাসরি গঙ্গার জল ব্যবহার করা যাবে না বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন।

৪) জাতীয় সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় প্রবীণ ও বিশেষভাবে সক্ষম উপভোক্তাদের বাড়ি বাড়ি গিয়ে ডিজিটাল লাইফ সার্টিফিকেট তুলে দেওয়া হচ্ছে।

৫) নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

---

রাজ্যের ষষ্ঠ বেতন কমিশনের সদ্য প্রকাশিত সুপারিশে বলা হয়েছে, ডিএ দেওয়া রাজ্য সরকারের সিদ্ধান্তের ওপর নির্ভর করবে। শিক্ষক এবং কর্মচারীদের সংগঠনগুলি একে দীর্ঘদিনের অধিকার খর্ব বলে মন্তব্য করেছেন। শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী এই সুপারিশকে সম্পূর্ণ অবৈধ এবং অসাংবিধানিক বলেছেন।

বাইট কিংকর

পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক সুভাশিষ দাস বলেন, সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায়ের প্রেক্ষিতে এটি নিশ্চিত যে, ডিএ কর্মচারীদের ন্যায্য অধিকার। এই প্রশ্নে সরকারের আর্থিক ক্ষমতার বিষয়টি সর্বোচ্চ আদালত খারিজ করে দিয়েছে। অবিলম্বে আদালতের রায় অনুসারে ২৫ শতাংশ ডিএ ঘোষণা করার দাবিও জানান তিনি। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ অভিযোগ করেন, ষষ্ঠ বেতন কমিশনের পূর্ণাঙ্গ সুপারিশ লোকচক্ষুর আড়ালে রেখে দেওয়ার পেছনে যে দূরাভিসন্ধি ছিল তা এখন স্পষ্ট। তিনি এর বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তোলার ডাক দিয়েছেন।

রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী বেতন কমিশনের সুপারিশের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান। আজ টিফিনের বিরতিতে সর্বত্র বিক্ষোভ সভা হবে বলে তিনি জানান।

বাইট বিশ্বজিৎ

-------------------

স্কুল সার্ভিস কমিশনে অর্থের বিনিময়ে চাকরি পাওয়া ব্যক্তি এবং নিয়োগকারী দু-জনেই সমান অপরাধী বলে ডায়মন্ড হারবারের তৃণমূল কংগ্রেস সাংসদ তথা সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন। সাতগাছিয়ায় সাংসদ তহবিলের কাজের খতিয়ান তুলে ধরতে নিঃশব্দ বিপ্লব নামে একটি কর্মসূচীতে অংশ নিয়ে একথা বলেন তিনি।

বাইট

--------------------

যোগ্যদের তালিকা প্রকাশ না করলে বড় আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন চাকরিহারা শিক্ষাকর্মীরা। চাকরিতে ফেরানো সহ একাধিক দাবিতে গতকাল এসএসসি চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে বৈঠকে বসেন তাঁরা। বৈঠকে যোগ্যদের চাকরিতে ফেরানো সহ শিক্ষাকর্মীরা দাবি জানান, দ্রুত সার্টিফায়েড তালিকা প্রকাশ করতে হবে। ২২ লক্ষ ওএমআর শিটের প্রতিলিপি প্রকাশ করতে হবে। বৈঠক শেষে চাকরিহারা শিক্ষাকর্মীরা জানান, সোমবার আইনজীবীদের পরামর্শ মেনে তালিকা প্রকাশ করা হবে বলে আশ্বাস দিয়েছেন এসএসসি চেয়ারম্যান। তবে সরকার দাবি না মানলে বৃহত্তর আন্দোলনের পথে যাবেন বলে তাঁরা জানান।

--------------------

রাজ্য সরকার চিড়িয়াখানার জমি বিক্রি করে দিতে চাইছে বলে অভিযোগ করে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে কলকাতা হাইকোর্টে। মামলাকারী মহালয়া চট্টোপাধ্যায়ের আইনজীবী সব্যসাচী চট্টোপাধ্যায়, গতকাল বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চে জানান, সুপ্রিম কোর্টের পূর্বের একটি নির্দেশিকাকে

অমান্য করে এই জমি বিক্রির চেষ্টা চলছে। ডিভিশন বেঞ্চ মামলাটি দায়ের করার অনুমতি দিয়েছে। আগামী সপ্তাহে এর শুনানি হতে পারে।

-------------------

দক্ষিণ ২৪ পরগণার জাতীয় সড়কের দুপাশে গড়ে ওঠা ৩২ টি বেআইনী নির্মাণ অবিলম্বে সরানোর জন্য রাজ্য প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। গত বছরের নভেম্বরে হাইকোর্টের ডিভিশন বেঞ্চ দখলদারদের অবিলম্বে সরানোর নির্দেশ দিয়েছিল। বিচারপতি অমৃতা সিনহা গতকাল জানিয়েছেন, এই বিষয়ে রাজ্য কি কি পদক্ষেপ নিয়েছে, সেই সংক্রান্ত প্রতিবেদন ৯ ই জুলাইয়ের মধ্যে আদালতে জমা দিতে হবে।

-------------------

অগ্নি নির্বাপনের কাজে কলকাতায় জলের পাইপ লাইনের সাহায্যে সরাসরি গঙ্গার জল ব্যবহার করার ব্যবস্থা চালু করা সম্ভব নয় বলে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে ফিরহাদ হাকিম বলেন, এক সময় শহর কলকাতায় রাস্তার ধারে পাইপ লাইনের সাহায্যে সরাসরি গঙ্গার জল সরবরাহ ব্যবস্থা চালু ছিল। তাতে পাইপ লাইনে , রাস্তার ধারে, গঙ্গার পাড়ে পলি জমে যাওয়া র মত মত সমস্যা তৈরি হতো। সেই পলি কেটে সরাতে হত। অগ্নি নির্বাপন এর কাজে সরাসরি গঙ্গার জল ব্যবহার করলে Sprinkler এ সমস্যা তৈরি হবে বলে মন্তব্য করেন ফিরহাদ হাকিম।ফিরহাদ হাকিম বলেন, বর্তমানে জল সরবরাহ ব্যবস্থার ব্যাপক উন্নতি ঘটেছে।

বাইট

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

--------------------

জাতীয় সামাজিক সুরক্ষা প্রকল্প আওতায় প্রবীণ ও বিশেষভাবে সক্ষম উপভোক্তাদের সুবিধার্থে তাদের বাড়ি বাড়ি গিয়ে ডিজিটাল লাইফ সার্টিফিকেট তুলে দেওয়া হচ্ছে। এই প্রথমবার রাজ্যের পঞ্চায়েত দফতর এমন উদ্যোগ নিয়েছে। যার ফলে তাঁদের আর লাইফ সার্টিফিকেট জোগাড় করতে ব্লকে ছোটাছুটি করতে হবে না। রাজ্যে এই সব প্রকল্পের প্রায় ১৬ লক্ষ উপভোক্তা রয়েছেন। এর মধ্যে ১১ লক্ষ বার্ধক্যভাতা, ৫ লক্ষ বিধবাভাতা এবং প্রায় ৪৫ হাজার বিশেষভাবে সক্ষম ভাতা প্রাপক। তাঁদের প্রত্যেককেই বাড়ি গিয়ে ডিজিট্যাল সংশাপত্র দেওয়া হবে বলে পঞ্চায়েত দফতরের তরফে জানানো হয়েছে।৩০ আগস্টের মধ্যে লক্ষ্যমাত্রা পূরণের চেষ্টা চলছে।

--------------------

দেশজুড়ে গতকাল পালিত হয় সংবিধান হত্যা দিবস। ১৯৭৫ সালের ২৫ শে জুন একনায়কতান্ত্রিক মানসিকতার নির্লজ্জ প্রদর্শনে তৎকালীন সরকার ২১ মাসের জন্য দেশে জরুরি অবস্থা জারি করে। বিষয়টি নিয়ে আমরা হাজির হয়েছিলাম বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনের কাছে।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট কলকাতার অবসরপ্রাপ্ত অধ্যাপক সুজয়া বসুর মতে ১৯৭৫ সালের জরুরি অবস্থা ঘোষণার অভ্যন্তরীণ যে কারণ দেখানো হয়েছিল তা কোন মতেই যুক্তিপূর্ণ ছিল না।

--------------------

সিপিআইএম অভিযোগ করেছেন, সদ্য অনুষ্ঠিত কালিগঞ্জ বিধাসভার উপনির্বাচনে ভোটারদের ভয় দেখানো হয়েছে। দলের রাজ্য কমিটির দুদিনের বৈঠক শেষে গতকাল রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, ২৩ শে জুন উপনির্বাচনের ফল ঘোষণার আগে শাসক তৃণমূল কংগ্রেস মোলান্দি গ্রামে বিজয় মিছিল বের করে। সেই মিছিল থেকে তাদের দলের সমর্থকদের বাড়ি লক্ষ্য করে বোমা ছোড়া হয় বলে তাঁর আরও অভিযোগ। বোমার আঘাতে তামান্না খাতুনের মৃত্যু হয়। এই ঘটনার উল্লেখ করে তিনি পুলিশ ও নির্বাচন কমিশনের ভূমিকার তীব্র নিন্দা করেছেন।

--------------------

পশ্চিম মেদিনীপুরের সবং-এ বিডিও অফিসে গতকাল সিপিআইএম-এর নেতৃত্বে একশো দিনের কাজের দাবিতে একটি কর্মসূচী পালন করা হয়। সেই সময় বিডিও অফিসের বন্ধ দরজা জোর করে খুলে ঢোকার চেষ্টা করতে গেলে বিক্ষোভকারীদের

পুলিশ লাঠিচার্জ করে বলে অভিযোগ। এই ঘটনায় তাদের এক দলীয় কর্মী গুরুতর আহত হয়েছেন বলে সিপিআইএম-এর পক্ষ থেকে জানানো হয়েছে।

-------------------

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় বায়ু স্তরের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। আগামী কয়েক ঘন্টায় একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর ফলে কয়েকদিন দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামীকাল থেকে ৩০ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই মাঝারি থেকে ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আজ পশ্চিমবঙ্গ - ওড়িশা উপকূলে মাছ ধরতে না যাবার পরামর্শ দেওয়া হয়েছে।

------------------- -------------------